রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৬, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১২ বৈশাখ, ১৪০৭বাংলা/২৫এপ্রিল, ২০০০ ইংরেজী।

এস আর ও নং ১১৩-আইন/২০০০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) (প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "ক্যাডার" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডার;

(খ) "ক্যাডার পদ" অর্থ ক্যাডারের অন্তর্ভুক্ত কোন পদ ;

(গ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঙ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান;

(চ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৪ এ উল্লিখিত বিভাগীয় পরীক্ষা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ ক্যাডারের স্থায়ীশূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(জ) "শিক্ষানবিসিকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 6 এ উল্লিখিত শিক্ষানবিসি (period of probation) মেয়াদ।



মূল্য ঃ টাকা ৩.০০

৩। প্রশিক্ষণ।— (১) সরকার Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 7 অনুসারে প্রত্যেক শিক্ষানবিসকে তাহার শিক্ষানবিসিকালে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ দানের ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সরকার প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণের পাঠক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার প্রয়োজনবোধে উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) প্রত্যেক প্রশিক্ষণার্থী সফলতার সহিত তাহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান, প্রশিক্ষণ সমাপ্তির পর সরকারের নিকট একটি প্রতিবেদন পেশ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বার্ষিক গোপনীয় অনুবেদনের সহিত নথিতে রক্ষিত থাকিবে।

(৫) কোন প্রশিক্ষণার্থী সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৪। বিভাগীয় পরীক্ষা।—(১) শিক্ষানবিসিকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিলে বর্ণিত পাঠক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৫। বিভাগীয় পরীক্ষার সময়সূচী, ইত্যাদি।—প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে, বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং কমিশন উক্ত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুসঙ্গিক তথ্যাদি সম্পর্কে সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৬। বিভাগীয় পরীক্ষার পাসের নম্বর।—(১) তফসিলে উল্লিখিত প্রতিটি পত্রে কোন শিক্ষানবিস ন্যূনপক্ষে শতকরা '৬০ ভাগ নম্বর প্রাপ্ত হইলে তাহাকে বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিস-এর পরীক্ষার ফলাফল বাংলাদেশ গেজেটে প্রকাশ করিবে।

৭। একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ দান।— কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লিখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাহার শিক্ষানবিসিকালে সেই পত্র বা পত্রসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য তাহাকে এক বা একাধিকবার সুযোগ প্রদান করা যাইবে।

৮। প্রশ্নপত্র প্রণয়ন।—(১) তফসিলে উল্লিখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত কর্মকর্তা দ্বারা প্রণীত হইবে।

(২) তফসিলে উল্লিখিত ২য় পত্রের প্রশ্নপত্র মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক মনোনীত উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা দ্বারা প্রণীত হইবে।

৯। **তফসিল সংশোধন।**—সরকার, প্রয়োজনবোধে, কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

১০। **রহিতকরণ।**—এস আর ও নং ৪৯-আইন/৯০,তারিখ ১৫ই মাঘ,১৩৯৬ মোতাবেক ২৮শে জানুয়ারী, ১৯৯০ এতদ্বারা রহিত করা হইল।

## তফসিল

[বিধি-২(ঘ) দ্রষ্টব্য]

### বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাঠ্য বিষয়সমূহ ঃ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

২। Rules of Business, 1996.

৩। Bangladesh Public Service Commission (Consultation) Regulation, 1979.

৪। Bangladesh Civil Service Recruitment Rules, 1981.

৫। Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ord. No. XXXIV of 1982).

৬। Government Servants (Special Provisions) Ordinance, 1979 (Ord. No. XI of 1979).

৭। Government Servants (Conduct) Rules, 1979.

৮। Government Servants (Discipline and Appeal) Rules, 1985.

৯। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এবং উপজেলা ম্যানুয়েল।

১০। Official Secrets Act, 1923 (XIX of 1923) এবং সরকারী সম্পত্তির নিরাপত্তা ও ক্লাসিফাইড ম্যাটেরিয়াল ব্যবহারের নির্দেশাবলী।

১১। Secretariat Instructions, 1976.

১২। Fundamental Rules.

দ্বিতীয় পত্র
হিসাব (পুস্তকসহ)
সময় ঃ ৩ ঘন্টা
পূর্ণ নম্বর ঃ ১০০

পাঠ্য বিষয়সমূহ ঃ

১। Bangladesh Financial Rules.

২। Fundamental and Supplementary Rules.

৩। Government and Autonomous Bodies Benevolent Fund and Group Insurance Ordinance, 1982 (Ord. No. XXXIX of 1982) এবং Government and Autonomous Bodies Benevolent Fund and Group Insurance Rules, 1982.

৪। Public Servants Retirement Act, 1974 (XII of 1974) এবং Public Servants Retirement Rules, 1975.

৫। হিসাব পদ্ধতির সাধারণ ধারণা।

৬। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত আর্থিক ক্ষমতা।

৭। Prescribed Leave Rules, 1959.

৮। Bangladesh Service Rules (Volume I and Volume II).

৯। Bangladesh Treasury Rules (Volume I and Volume II).

১০। বাজেট প্রস্তুতকরণ।

তৃতীয় পত্র

অর্থনীতি বিষয়সমূহ (পুস্তক ব্যতীত)

সময়ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাঠ্য বিষয়সমূহ ঃ

১। অর্থনীতি ও উন্নয়নের মৌল বিষয় সংক্রান্ত স্নাতক মানের ধারণা (Basic Economic & Development Concepts of Graduation Standard) ঃ

- অর্থনীতির মৌল ধারণাসমূহ ঃ মূলধন, যোগান, ভোগ, বিনিময়, সঞ্চয়, আয়, ম্যাক্রো এবং মাইক্রো ইকনমিক এনালাইসিস, কর্মসংস্থান ইত্যাদি (Basic Economic Concepts: Capital, Supply, Consumption, Exchange, Savings, Income, Macro & Micro Economic Analysis, Employment etc.) ।
- চাহিদা ও যোগান তত্ত্ব, বাজার ও মূল্য (Theory of Demand and Supply, Market and Prices) ।
- স্থিতিস্থাপকতার ধারণা ঃ চাহিদা ও যোগান (Concept of Elasticity: Demand and Supply) ।
- উৎপাদন ও বন্টন তত্ত্ব ঃ উৎপাদন, উৎপাদনের উৎপাদক, শ্রমের বিভাজন, শিল্পের এলাকাভিত্তিক অবস্থান, এলাকাভিত্তিক অবস্থানের ফলাফল, শিল্পের বিকেন্দ্রীকরণ, উন্নয়নে ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের ভূমিকা। বন্টন—খাজনা, মজুরী, সুদ ও মুনাফা সংক্রান্ত মূল বিষয়াদি (Theory of Production and Distribution : Production, Factors of Production, Division of Labour, Localisation of Industries, Consequences of Localisation, Decentralisation of Industries, Role of Small and Large Industries in economic development. Distribution—Basic issues relating to Rent, Wages, Interest and Profit) ।
- জাতীয় আয় ঃ সংজ্ঞা এবং পরিমাপ (National Income: Definition and Measures) । আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক তত্ত্বসমূহঃ আন্তর্জাতিক বাণিজ্যের মূল নীতিসমূহ, বৈদেশিক লেনদেনের ভারসাম্য ও বাণিজ্য ভারসাম্য, টার্মস অব ট্রেড, আমদানী-রপ্তানী প্রতিস্থাপন, কারিগরী সাহায্য ও অর্থনৈতিক সহযোগিতা (Theories of International Trade: Basic Principles of International Trade, Balance of Payment and Balance of Trade, Terms of Trade, Export-Import Substitution, Technical Assistance and Economic Cooperation) । বৈদেশিক সাহায্য—প্রকল্প, পণ্য ও খাদ্য সাহায্য সংক্রান্ত বিষয়াদি (Foreign Assistance-Project, Commodity & Food Aid Related Issues) । আন্তর্জাতিক সংস্থাসমূহ যেমন—আংকটাড, গ্যাট, বিশ্ব ব্যাংক, আইডিএ, আইএমএফ, এশীয় উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক সহযোগিতার ধারণা—সার্ক, আসিয়ান ইত্যাদি এর উন্নয়ন কার্যক্রমে ভূমিকা (Role of International Agencies in Development, such as—UNCTAD, GATT, World Bank, IDA, IMF, ADB, Concepts of Regional Cooperation—SAARC, ASEAN etc.) ।

- রাজস্ব ও মুদ্রানীতির মৌলিক ধারণাঃ রাজস্ব আয় ও ব্যয়, রাজস্ব আয়ের বিভিন্ন উৎস, ঘাটতি বাজেট (Basic Concepts of Fiscal and Monetary Policies: Revenue Receipts and Expenditures, Sources of Revenue, Deficit Budget) ।

২। উন্নয়ন তত্ত্বসমূহ (Theory of Economic Development) ঃ

- পরিকল্পনার মূলনীতিসমূহ, পরিকল্পনার প্রকারভেদ—কেন্দ্রীয় পরিকল্পনার উপর গুরুত্ব আরোপ, উন্নয়ন পরিকল্পনার সমস্যাবলী (Principles of Planning, Forms of Planning—Emphasis on Central Planning, Problems of Development Planning) ।
- পরিকল্পনার ক্ষেত্রে ম্যাক্রো ও মাইক্রো এ্যাপ্রোচ (Macro and Micro Approaches in Planning) ।
- পরিকল্পনা প্রক্রিয়া, পরিকল্পনা প্রণয়ন, পরিকল্পনা বাস্তবায়ন (Planning Process, Formulation of Plans, Implementation of Plans) ।
- পরিকল্পনা কৌশল (Strategy of Planning) ।
- ক্যাপিটাল ইনটেনসিভ বনাম লেবার ইনটেনসিভ প্রযুক্তি (Capital Intensive Vs. Labour Intensive Technology) ।
- বৈদেশিক এবং স্থানীয় সম্পদ আহরণ (Mobilisation of Foreign and Local Resources) ।
- খাতভিত্তিক এবং আঞ্চলিক পরিকল্পনা (Sectoral and Regional Planning) ।
- বাংলাদেশে পরিকল্পনা পদ্ধতি (Planning Process in Bangladesh) ।

৩। উন্নয়ন কর্মকাণ্ডের জন্য অর্থের আহরণ এবং সম্পদের ব্যবহার (Mobilisation of Funds for and Use of Resources in Development Activities) ঃ

- উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তির পদ্ধতি এবং নিয়ম-কানুন (Fund Release Procedures and Rules for Development Projects) ।
- উন্নয়ন বাজেট প্রণয়ন (Preparation of Development Budget) ।
- কারিগরী সহায়তা-এর উপাদানসমূহ, কারিগরী সহায়তা লাইন আপ করার পদ্ধতি; টিএপিপি, টিএসিসি, এসপিইসি মিটিং সংক্রান্ত মৌলিক ধারণা (Technical Assistance, its Components; Procedures for T.A Line Up; TAPP, TACC, SPEC meeting etc.) ।

৪। প্রজেক্ট কনসেপ্টস (Project Concepts) ঃ

- প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা এবং প্রকল্প বাস্তবায়ন (Project Preparation, Management and Implementation) ।
- প্রকল্প প্রণয়নঃ যৌক্তিক কাঠামোর ব্যবহার ও উপযোগিতা (Project Preparation: Use and Advantages of Logical Framework) ।

- প্রকল্প চিহ্নিতকরণ, বাছাইকরণ ও প্রকল্প ছক ডিজাইনকরণ (Project Identification, Selection and Designing of Project Proforma) ।
- প্রকল্পের প্রাক-মূল্যায়ন, উদ্দেশ্য, পরিধি এবং পদ্ধতিসমূহ (Project Appraisal, Objective, Scope and Methods) ।
- বিসিআর এবং আই আর আর-এর আলোকে প্রকল্পের কারিগরী, বাণিজ্যিক, অর্থনৈতিক এবং আর্থিক উপযোগিতার প্রাক-মূল্যায়ন (Appraisal of Technical, Commercial, Economic and Financial Viability keeping in view the BCR and IRR of projects) ।
- প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা—সিপিএম এবং পিইআরটি (Project Implementation Planning, CPM & PERT, etc.) ।
- প্রকল্প প্রক্রিয়াকরণ পদ্ধতি এবং প্রকল্প অনুমোদন পদ্ধতি (Projects Processing Procedure and Projects Approval Procedure) ।
- প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন (Project Monitoring and Evaluation) ।

৫। বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি, বেকারত্ব এবং মানব সম্পদ উন্নয়ন (Propulation Growth, Unemployment and Human Resources Development in Bangladesh) ।

৬। সংখ্যাতত্ত্ব (Theory of Statistics) :

- সংখ্যাতত্ত্বের মৌলিক ধারণাসমূহ (Basic Statistical Concepts) ।
- নমুনা সংগ্রহের টেকনিকসমূহ (Techniques of Sampling) ।
- গবেষণা পদ্ধতি (Research Methodology) ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবদুল হামিদ চৌধুরী
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।